গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৭
সরকারি পরিবহন পুল ভবন,
সচিবালয় লিংক রোড, ঢাকা।

নম্বর : ১০.০০.০০০০.১৩১.১১.৭৩.০২(১/১)-১৯

২৪ পৌষ ১৪৩১
০৮ জানুয়ারী ২০২৫

**বিষয় : হবিগঞ্জ জেলার সদর পৌরসভার ৭ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মাহমুদ হোসেন কর্মস্থলে অনুপস্থিত থাকায় তাঁর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার সদর পৌরসভার ০৭ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মাহমুদ হোসেন বিগত ২৩/০২/২০২৩ খ্রি. তারিখে ১৮ (আঠার) মাস এবং ০২/০৩/২০২৪ খ্রি. তারিখে ০৫(পাঁচ) বছরের জন্য মাননীয় সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় বরাবরে ছুটি চেয়ে আবেদন করেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে বিগত ১১/০৭/২০২৪ খ্রি. তারিখের ১২৭ নং স্মারকমূলে বর্ণিত আবেদনসমূহ নামঞ্জুরক্রমে তাঁকে কর্মস্থলে যোগদানের নির্দেশ প্রদান করা হয়। জনাব মাহমুদ হোসেন এর ছুটি নামঞ্জুর করার পরও তিনি কাজে যোগদান না করায় তাঁর বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে তিনি নির্ধারিত সময়ের মধ্যে কারণ দর্শানোর কোন জবাব দেননি যা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর ১১ বিধি অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় জনাব মাহমুদ হোসেন এর নামীয় নিকাহ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

হবিগঞ্জ জেলার সদর পৌরসভার ৭ নং ওয়ার্ড সংলগ্ন অধিক্ষেত্রের কোন নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মাহমুদ হোসেন এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, হবিগঞ্জ-কে নির্দেশ প্রদান করা হলো।

প্রাপকঃ

**জনাব মাহমুদ হোসেন**
**সাবেক নিকাহ রেজিস্ট্রার**
**৭ নং ওয়ার্ড,সদর পৌরসভা**

স্বাঃ
(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫

নম্বর : ১০. ০০.০০০০.১৩১.১১.৭৩.০২(১/১)-১৯

২৪ পৌষ ১৪৩১
০৮ জানুয়ারী ২০২৫

বিতরণ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

০১। মহাপরিদর্শক নিবন্ধন, নিবন্ধন অধিদপ্তর, ১৪ আব্দুল গনি রোড, ঢাকা।
০২। মাননীয় উপদেষ্টা মহোদয়েনের একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
০৪। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৫। সহকারী প্রোগ্রামার (অনলাইন ডাটাবেজ হালনাগাদের অনুরোধসহ)
০৬। জেলা রেজিস্ট্রার, হবিগঞ্জ।
০৭। সাব-রেজিস্ট্রার, সদর হবিগঞ্জ।
০৮। জনাব মাহমুদ হোসেন, সাবেক নিকাহ রেজিস্ট্রার, হবিগঞ্জ সদর পৌরসভার ০৭ নং ওয়ার্ড, হবিগঞ্জ।
০৯। অফিস কপি/ গার্ড ফাইল।

০৮/০১/২৫

(সাইদুজ্জামান শরীফ)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২২২৩৩৮৫৪৫